

Prime Minister Co-Chairs the Plenary session of the 6th India-Germany Inter-Governmental Consultations

May 02, 2022

ষষ্ঠ ভারত - জার্মানি আন্তঃসরকারি আলাপ-আলোচনার পূর্ণাঙ্গ অধিবেশনে যৌথভাবে সভাপতিত্ব করেছেন প্রধানমন্ত্রী

ভারত - জার্মানি আন্তঃসরকারি আলাপ-আলোচনার (আইজিসি) পূর্ণাঙ্গ অধিবেশনে সেদেশের চ্যান্সেলর ওলফ শ্বোলজের সঙ্গে যৌথভাবে সভাপতিত্ব করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

প্রারম্ভিক বক্তব্যে দুই নেতাই দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বপূর্ণ বিভিন্ন দিক সহ একাধিক অভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলির কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, জটিল এই বিশ্ব পরিস্থিতিতে ভারত - জার্মানি অংশীদারিত্ব সাফল্যের দৃষ্টান্ত হয়ে উঠতে পারে। ভারতের 'আত্মনির্ভর ভারত' অভিযানে অংশগ্রহণের জন্য তিনি জার্মানিকে আমন্ত্রণ জানিয়েছেন।

আন্তঃসরকারি আলাপ-আলোচনার বিভিন্ন বিষয় সম্পর্কে নিজেদের বৈঠকে দুই দেশের মন্ত্রী ও আধিকারিকরা সংক্ষিপ্ত বিবরণী পেশ করেন। এরমধ্যে রয়েছে - পররাষ্ট্র বিষয়ক ও নিরাপত্তা; অর্থনৈতিক, আর্থিক নীতি, বৈজ্ঞানিক ও সামাজিক আদান-প্রদান; জলবায়ু পরিবেশ, দীর্ঘস্থায়ী উন্নয়ন এবং শক্তি।

ভারতের পক্ষ থেকে অর্থমন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং এবং শিল্প প্রসার ও অভ্যন্তরীণ বাণিজ্য দপ্তরের সচিব শ্রী অনুরাগ জৈন বিবরণী পেশ করেন।

পরিবেশ-বান্ধব ও নিরস্ত্র অগ্রগতির লক্ষ্যে অংশীদারিত্ব গড়ে তোলার জন্য ভারতের প্রধানমন্ত্রী এবং সেদেশের চ্যান্সেলরের মধ্যে যৌথ ঘোষণাপত্র স্বাক্ষরের মধ্য দিয়ে এই পূর্ণাঙ্গ অধিবেশনের সমাপ্তি হয়। দীর্ঘ মেয়াদী ভিত্তিতে উন্নয়নের লক্ষ্য পূরণে ভারত ও জার্মানির মধ্যে সরকারি পর্যায়ে সহযোগিতা গড়ে তোলার উদ্দেশ্যে এই অংশীদারিত্বে অগ্রাধিকার দেওয়া হয়েছে। দুই দেশের মধ্যে সহযোগিতার অঙ্গ হিসেবে জার্মানি ২০৩০ পর্যন্ত বিভিন্ন উন্নয়নমূলক ক্ষেত্রে ১০ বিলিয়ন ইউরো বিনিয়োগের বিষয়ে অঙ্গীকার প্রকাশ করেছে। এমনকি, দুই দেশের মধ্যে স্বাক্ষরিত যৌথ ঘোষণাপত্রে উচ্চ পর্যায়ে সহযোগিতা ও রাজনৈতিক দিশা স্থির করতে আন্তঃসরকারি আলাপ-আলোচনার কাঠামোর মধ্যে একটি মন্ত্রী পর্যায়ের ব্যবস্থা গড়ে তোলার কথাও বলা হয়েছে।

আন্তঃসরকারি আলাপ-আলোচনার পর একটি যৌথ ঘোষণাপত্র গ্রহণ করা হয়।

মন্ত্রী পর্যায়ে দ্বিপাক্ষিক বৈঠকের সময় একাধিক চুক্তি স্বাক্ষরিত হয়।

বার্লিন

মে 02, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

